

# নিখরচায় ক্যানসারের চিকিৎসা শক্তিনগরে

নিজস্ব সংবাদদাতা, কুষ্টিয়া: ক্যানসারে আক্রান্ত অথচ বাড়িতে নুন আনতে পান্ডা ফুরানোর দশা। কেউ আবার ধার-দেনা করে টাকা জোগাড় করতে পারলেও বারবার কলকাতায় গিয়ে চিকিৎসা করানোর ধকল সেইবার মতো অবস্থায় নেই।

সেই সব রোগীদের কথা ভেবে একটি ক্যানসার ইউনিট চালু করেছে শক্তিনগর জেলা হাসপাতাল। মাস দুয়েক আগে দুই চিকিৎসকের তত্ত্বাবধানে তিন বেডের ইউনিট চালু হয়েছে হাসপাতালে। ভবিষ্যতে আরও তিনটি বেড বাড়ানো হবে বলে জানান হাসপাতাল কর্তৃপক্ষ। সুপার শচীন্দ্রনাথ সরকার জানান, অপারেশন, কেমো, ওষুধ— সবারই খরচ বহন করবে হাসপাতাল।

ক্যানসারের চিকিৎসার খরচ অনেক। সুপার জানান, রাজ্য সরকার হাসপাতালকে 'স্টেট ইলনেস অ্যাসিস্ট্যান্ট ফান্ড' দিচ্ছে। সেই ফান্ড থেকে যাবতীয় খরচ বহন করা হচ্ছে। এই ফান্ডে একজন রোগীর জন্য দেড় লাখ টাকা পর্যন্ত খরচ পারবে

হাসপাতাল। তবে কোনও রোগীকে সেই পরিষেবার সুবিধে পেতে গেলে মাসিক আয় দশ হাজার টাকার নীচে হতে হবে। কেমোথেরাপি নিতে গেলে প্রথমবার রোগীকে কলকাতার নীলরতন সরকার মেডিক্যাল কলেজ ও হাসপাতাল বা চিত্তরঞ্জন মেডিক্যাল কলেজ ও হাসপাতাল থেকে 'ড্রাগ রেজিম' করিয়ে নিয়ে আসতে বলা হতে পারে।

চিকিৎসার জন্য বহু জায়গায় ঘুরেছেন ক্যান্সারে আক্রান্ত চাপড়ার বাসিন্দা মর্জিনা বিবি। মর্জিনার স্বামী আনসার শেখ দিনমজুর। শেষে আনসার কেমোথেরাপির টাকা আর জোগাড় করতে পারছিলেন না। এমন সময় এক পড়শির থেকে শক্তিনগর জেলা হাসপাতালে বিনা খরচে চিকিৎসার কথা জানতে পারেন। যোগাযোগ করেন হাসপাতালে। মর্জিনার দাদা হায়দার মিজি বলেন, "হাসপাতাল থেকে কেমো না দেওয়া হলে বোন মারাই যেত।" জেলার মুখ্যস্বাস্থ্য আধিকারিক তাপস রায় বলেন, "আরও বেশি সংখ্যক মানুষ এই পরিষেবা পান আমরা তা চাই। তার জন্য প্রচারণা চালাচ্ছি।"

১৫/১১/১৬

১৫/১১/১৬